ত্রৈমাসিক

রাজউক বার্তা

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের প্রকাশনা

ভলিউম-৫ ■ সংখ্যা-২ ■ অক্টোবর-ডিসেম্বর ২০১২ , বাংলা ১৪১৯

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ (রাজউক)

রাজউক ভবন, ঢাকা-১০০০

ফোন : ৮৮-০২-৯৫৫৭৬৯৫

www.rajukdhaka.gov.bd

উপদেষ্টা পরিষদ

প্রধান উপদেষ্টা

প্রকৌশলী মোঃ নূরুল হুদা

চেয়ারম্যান, রাজউক

উপদেষ্টাবৃন্দ

নাজমুল হাই, সদস্য, রাজউক

আখতার হোসেন ভূইয়া, সদস্য, রাজউক

শেখ আব্দুল মান্নান, সদস্য, রাজউক

তপন কুমার দাস, সদস্য, রাজউক

সৈয়দ নজরুল ইসলাম, পরিচালক, রাজউক

মোহাম্মদ মোস্তফা, সচিব, রাজউক

সম্পাদনা পরিষদ

প্রধান সম্পাদক

এম মাহবুব উল আলম

সদস্য (উন্নয়ন), রাজউক

সম্পাদক

মোঃ আশরাফ আলী আখন্দ

সহকারী সম্পাদক

মোঃ মুসা আখন্দ

মাহফুজা আক্তার

নববর্ষের শুভেচ্ছা

সমগ্র দেশবাসীকে রাজউক বার্তার পক্ষ থেকে ইংরেজী নববর্ষের শুভেচ্ছা–

অন্য পাতায়

উন্নয়ন	০১	আইন শাখা	০৬
নগর পরিকল্পনা	০৪	হিসাব শাখা	০৭
প্রশাসন	০৪	এম আই এস	০৭
বিষয় শাখা	০৬	নিরিক্ষা	০৭
উন্নয়ন নিয়ন্ত্রন	০৬	বিবিধ	০৭
		প্রবন্ধ	০৮

উন্নয়ন

পূর্বাচল প্রকল্পের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে

পূর্বাচল প্রকল্পের কুড়িল থেকে কাঞ্চনব্রীজ এপ্রোচ পর্যন্ত ১৩ কিঃমিঃ দৈর্ঘ্যের পূর্বাচল লিংক রোডের (২৫০'/৩০০') কাজ বর্তমানে চলমান। লিংক রোডের উপর অবস্থিত বোয়ালিয়া মেইন ব্রীজ এবং বালুব্রীজ এর স্ল্যাব ঢালাই সম্পন্ন হয়েছে। বালু ব্রীজ হতে কাঞ্চনব্রীজ এপ্রোচ পর্যন্ত অংশের ৪টি ব্রীজের গার্ডারসহ আন্ডারপাস, বক্স কালভার্ট ও সড়কের নির্মাণ কাজ দ্রুত গতিতে এগিয়ে চলছে। ফলে জুন, ২০১৩ এর মধ্যেই কুড়িল এলাকা হতে সরাসরি প্রকল্পে যাতায়াত সম্ভব হবে।

বালু ব্রীজের নির্মাণ কাজ পরিদর্শন করছেন মাননীয় গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রী, মাননীয় সচিব, রাজউক চেয়ারম্যান, সদস্য (উন্নয়ন) ও অন্যান্য ব্যক্তিবর্গ

প্রকল্পের রূপগঞ্জ অংশে ২, ৮, ৯, ১০, ১৮, ১৯ এবং ২০ নং সেক্টরে অভ্যন্তরীণ সড়ক এবং ১২টি সেতু নির্মাণ কাজ চলমান। এছাড়া প্রকল্পের রূপগঞ্জ অংশে ৭, ২২, ২৩ এবং ২৯ নং সেক্টরে অভ্যন্তরীণ সড়ক নির্মাণ কাজ শুরু হয়েছে। প্রকল্পের গাজীপুর

বালু ব্রীজের নির্মাণ কাজ

সম্পাদকীয়

ইংরেজী নববর্ষের শুভেচ্ছা এ প্রাপ্তিকে উন্নয়নমূলক কাজে গতি এসেছে। বিশেষ করে প্রশিক্ষণ, কর্মকর্তাগণের প্রশিক্ষণ কর্মসূচী থাকায় এ থেকে লব্ধ জ্ঞানের আলোকে রাজউকের প্রকল্প বাস্তবায়ন ব্যবস্থাপনা আরও উন্নতি হয়েছে। সামনের বর্ষাকালের পূর্বে যাতে উন্নয়ন প্রকল্প নির্দিষ্ট লক্ষ্যমাত্রা অনুযায়ী সম্পন্ন হয় সে বিষয়ে সজাগ থাকতে হবে। প্রয়োজনে দিনরাত্রি কাজ করে যথাসময়ে প্রকল্প সমাপ্ত করতে হবে। রাজধানী ঢাকার প্রাণকেন্দ্রে অবস্থিত হাতিরঝিল সমন্বিত প্রকল্পটি রাজউকের একটি সৃজনশীল প্রকল্প। প্রকল্পের দৃষ্টিনন্দন ও নয়নাভিরাম অবকাঠামোগুলো যেমন ফুটপাথ, পরিকল্পিতভাবে রোপিত সারিবদ্ধ বৃক্ষরাজি, সবুজ চত্তর আর সুনিপুন স্থাপত্যকলায় নির্মিত হচ্ছে বেশকিছু ব্রীজ। যেগুলো ঢাকা নগরবাসীকে কিছুটা হলেও দেশেই প্রাচ্যের মনোমুগ্ধ পরিবেশ উপহার দিতে পারবে। এই দৃষ্টিনন্দন হাতিরঝিল প্রকল্পটি যথাসময়ে জনসাধারণের জন্য উন্মুক্ত করবার অপেক্ষায়। আশা করা যায় প্রকল্পটি উন্মুক্ত হলে সর্বমহলে প্রশংসিত হবে। কুড়িল ইন্টারসেক্শন ফ্লাইওভার নির্মাণ ও বালু নদীর উপর নির্মিত ব্রীজ বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী আগামী মার্চমাসে শুভ উদ্বোধনের মাধ্যমে জনসাধারণের জন্যে উন্মুক্ত করে দেয়া হবে বলে আশা করা যায়। ভবিষ্যতেও এ ধরনের উন্নয়নের ধারা বহাল থাকবে এটাই সকলের প্রত্যাশা।

অংশে ভূমি উন্নয়ন কাজে চারটি লটের মধ্যে একটি লটের ভূমি উন্নয়ন কাজ আরম্ভ হয়েছে, বাকি তিনটি লটের ভূমি উন্নয়ন কাজ অবিলম্বে আরম্ভ হবে। এছাড়াও প্রকল্পের অন্যান্য অবকাঠামোর উন্নয়ন ব্যাপকভাবে আরম্ভ করার সকল কর্মক্রম গৃহীত হয়েছে।

উত্তরায় 'এ' টাইপ এপার্টমেন্ট নির্মাণ প্রকল্পের অগ্রগতি

সরকার নিম্ন ও মধ্যম আয়ের জনগোষ্ঠির আবাসিক সমস্যা সমাধানের লক্ষ্যে উত্তরাস্থ ১৮নং সেক্টরে তিনটি ক্যাটাগরিতে প্রায় ২০,০০০ ফ্ল্যাট নির্মাণের পরিকল্পনা গ্রহণ করেছে। গত ০৪/১০/২০১১ তারিখে আলোচ্য প্রকল্পের ডিপিপি অনুমোদিত হয়। অনুমোদিত ডিপিপি মোতাবেক প্রকল্পের প্রাক্কলিত মূল্য টাঃ ৯০৩০৭১.৮৭ লক্ষ। স্থাপত্য অধিদপ্তর প্রকল্পের বিস্তারিত স্থাপত্য নক্শা প্রণয়ন, গণপূর্ত অধিদপ্তর প্রকল্পের 'এ' টাইপ এপার্টমেন্ট ব্লকের কাঠামো নক্শা প্রণয়ন এবং হাউজিং এন্ড বিল্ডিং রিসার্চ ইনষ্টিটিউট (HBRI) প্রকল্পের মৃত্তিকা পরীক্ষার দায়িত্ব পালন করছে।

প্রকল্প এলাকার ১৪৪০টি স্পটে সয়েল টেস্ট সম্পন্ন হয়েছে। প্রকল্পের টাইপ-'এ' এপার্টমেন্ট ব্লকের নেট ১২৫০ বর্গফুট আয়তনের ৭৯টি ১৬-তলা ভবনে (একটি বেজমেন্টসহ) ৬৬৩৬টি

উত্তরায় 'এ' টাইপ এপার্টমেন্ট নির্মাণ প্রকল্পের অগ্রগতি

ফ্ল্যাট নির্মাণের লক্ষ্যে দেশি-বিদেশি ঠিকাদার নিয়োজিত করে নির্মাণ কাজ বর্তমানে চলমান আছে। রাজউক এবং গণপূর্ত অধিদপ্তর যৌথভাবে উক্ত কাজের বাস্তবায়ন তদারকি করছে।

প্রকল্পের Plumbing Design Project Management & Supervision বিষয়ে পরামর্শক নিয়োগের প্রক্রিয়া সম্পন্ন করা হয়েছে এবং প্রকল্পের Detailed Feasibility Study করার লক্ষ্যে পরামর্শক নিয়োগের মাধ্যমে মাঠ পর্যায়ে কাজ চলমান আছে।

উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের জনবল নিয়োগ

রাজউকের উত্তরা 'এ' টাইপ এপার্টমেন্ট নির্মাণ প্রকল্পে বিভিন্ন পদে জনবল নিয়োগ প্রক্রিয়া দুই দফায় সম্পন্ন হয়েছে। প্রথম দফায় ১০জন সহকারী প্রকৌশলী, ১৭ জন উপ-সহকারী প্রকৌশলী, ২ জন কম্পিউটার অপারেটর এবং ২ জন রেকর্ড কিপার সহ মোট ৩১ জন নিয়োগ দেয়া হয়। দ্বিতীয় দফায় ১ জন সহকারী পরিচালক (এষ্টেট), ১ জন উপ-পরিচালক (এষ্টেট), ১ জন উপ-পরিচালক (স্থাপত্য), ১ জন সহকারী পরিচালক (স্পাপত্য), ২৫ জন কার্য-তদারককারী, ১ জন হিসাব রক্ষক, ৩ জন অফিস সহকারী কাম কম্পিউটার অপারেটর, ২ জন জরিপ কারক এবং ২ জন জরিপ সাথী সহ মোট ৩৭ জনের নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করার পর নির্বচি দের নিয়োগপত্র প্রদান করা হয়।

মালয়েশিয়া সরকারের সাথে G-2-G পদ্ধতিতে উত্তরায় ফ্লাট নির্মাণ প্রকল্পের কারিগরি কমিটির প্রথম সভা

মালয়েশিয়া সরকারের সাথে G-2-G পদ্ধতিতে 'ব্লক-বি' তে নেট ১০৫০ বর্গফুট আয়তনের ফ্লাট নির্মাণের জন্য ৭২টি ১৬ তলা ভবন এবং 'ব্লক-সি' তে নেট ৮৫০ বর্গফুট ৭২টি ১৬ তলা ভবন নির্মানের জন্য ১৮/১০/২০১১ তারিখে একটি "সমঝোতা স্মারক" (MOU) স্বাক্ষর হয়েছে। উক্ত MOU এর আলোকে মালয়েশিয়া সরকার ইতোমধ্যে একটি প্রস্তাব প্রেরণ করেছে

যা মন্ত্রণালয় কর্তৃক রাজউক-এর সদস্য (উন্নয়ন)-এর নেতৃত্বে উভয় দেশের প্রতিনিধিদের সমন্বয়ে গঠিত টেকনিক্যাল কমিটি পরীক্ষা নিরীক্ষা করছে। উক্ত বিষয়ে মালয়েশিয়া সরকার এবং বাংলাদেশ সরকারের প্রতিনিধির সমন্বয়ে মন্ত্রণালয়ের অনুমোদনক্রমে গঠিত কারিগরি কমিটি গত ১১ ও ১২ ডিসেম্বর রাজউক-এর সভাকক্ষে সদস্য (উন্নয়ন) জনাব এম. মাহবুব উল আলম-এর সভাপতিত্বে প্রথম সভা অনুষ্ঠিত হয়।

কুড়িল ফ্লাইওভার নির্মাণ কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে

কুড়িল ফ্লাইওভারের নির্মাণ কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে। প্রতিনিয়ত মন্ত্রণালয় ও রাজউক এর উর্ধ্বতন কর্তৃপক্ষ কাজের অগ্রগতি মনিটরিং করছেন। ডিসেম্বর ২০১২ পর্যন্ত কাজের বাস্তব অগ্রগতি ৮০%। আগামী মার্চ ২০১৩-এর মধ্যে ফ্লাইওভারের নির্মাণ কাজ সমাপ্ত হবে বলে আশা করা যায়।

গৃহায়ন ও গণপূর্ত প্রতিমন্ত্রীর কুড়িল ফ্লাইওভার পরিদর্শন

'বি' ও 'সি' টাইপ এপার্টমেন্ট ভবন নির্মানের দরপত্র বাতিল

'বি' ও 'সি' টাইপ এপার্টমেন্ট ভবন নির্মানের জন্য স্থাপত্য অধিদপ্তর কর্তৃক প্রণীত লে-আউট প্লান অনুযায়ী প্রতিটি ব্লকে ৭২টি ১৬-তলা (একটি বেজমেন্ট সহ) ভবন নির্মানের নিমিত্তে Single Stage Two Envelop (Turnkey) পদ্ধতিতে গত ১৭-০৫-২০১২ তারিখে দরপত্র আহবান করা হয়েছে। একটি মাত্র ঠিকাদারী প্রতিষ্ঠান উক্ত দরপত্রে অংশগ্রহণ করে। কারিগরী কমিটি ও দরপত্র মূল্যায়ন কমিটির মূল্যায়নে তা নন-রেসপনসিভ বলে বিবেচিত হয়।

গুলশান-বারিধারা লেকের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে

ভূমি অধিগ্রহণে গুলশান-বারিধারা লেক অংশে ১০.৭৬ একর ভূমির অধিগ্রহণ প্রস্তাব CLAC এর সুপারিশক্রমে সরকার কর্তৃক অনুমোদিত হয়েছে। অতঃপর জেলা প্রশাসন ঢাকা অধিগ্রহণের কার্যক্রম সম্পন্ন করছে। এ খাতে এ পর্যন্ত ৭৫.০০ কোটি টাকা জেলা প্রশাসন বরাবর ন্যাস্ত করা হয়েছে এবং শীঘ্রই আরো ৭.৫০ কোটি টাকা ন্যাস্ত করা হবে। তবে মহামান্য আদালতে মামলা বিদ্যমান থাকায় অধিগ্রহণ প্রক্রিয়া বিলম্বিত হচ্ছে। এছাড়া গুলশান-বনানী অংশে ৭০.২৩ একর জমির অধিগ্রহণ ও হস্তান্তর প্রস্তাব CLAC এর অনুমোদনের অপেক্ষায় রয়েছে। ডিপিপির সংস্থান অনুযায়ী রাজউক অংশে Walk Way এর নির্মাণ কাজ প্রায় সম্পন্ন করা হয়েছে। কিছু অংশে মামলা থাকায় সে অংশে কাজ বন্ধ আছে। অধিগ্রহণ প্রক্রিয়া সম্পন্ন হলে বাকি অংশে Walk Way নির্মাণ করা হবে। গুলশান-বারিধারা লেক অংশে ড্রাইভওয়ে নির্মাণ কাজ চলমান রয়েছে।

গুলশান-বারিধারা লেকের চলমান কাজের চিত্র

পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক Inception Report প্রদান করা হয়েছে, যা রাজউক ও মন্ত্রণালয়ে Power Point Presentation এর মাধ্যমে উপস্থাপন করা হয়। সংশ্লিষ্ট সকলের মতামতের ভিত্তিতে তা কর্তপক্ষ কর্তৃক অনুমোদিত হয়। Inception Report এর ভিত্তিতে Preliminary Design পাওয়া যায়। উক্ত Design এর উপর ভিত্তি করে কিছু কাজ চলমান রয়েছে এবং সংশোধিত ডিপিপি প্রণয়ন করা হচ্ছে। পরামর্শক প্রতিষ্ঠান কর্তৃক প্রদত্ত Preliminary প্রাক্কলনের উপর ভিত্তি করে সংশোধিত ডিপিপি প্রস্তুত করা হয়েছে। সংশোধিত ডিপিপি অনুযায়ী মূল ডিপিপি হতে বেশ কিছু দফা বাদ যাবে ঘটবে এবং নতুন কিছু দফা সংশোধিত হবে। তা ছাড়া বাস্তব অবস্থার আলোকে কিছু কিছু অংশে নতুন ভাবে ভূমি অধিগ্রহণের প্রয়োজন হবে। এ বিষয়ে পরামর্শক প্রতিষ্ঠান, রাজউকের নগর পরিকল্পনা শাখা, প্রকল্প দপ্তর ও ভূমি শাখা যৌথ ভাবে কাজ করছে।

মাদানী এভিনিউ পূর্বমুখী সম্প্রসারণ প্রকল্পের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলেছে

মাদানী এভিনিউ পূর্বমুখী সম্প্রসারণ প্রকল্পের কাজ দ্রুতগতিতে এগিয়ে চলছে। ইতোমধ্যে ভূমি উন্নয়ন কাজ ব্রীজ এপ্রোচ ব্যতিত বাকী অংশে সম্পন্ন হয়েছে। রাস্তা নির্মাণ প্রথম ২.০০ কিলোমিটার পর্যন্ত Sub-base ও Base Type-II পর্যন্ত সম্পন্ন হয়েছে। পরবর্তী ৩.০০ কিলোমিটার হতে ৫.০০ কিলোমিটার পর্যন্ত Sub base এর কাজ সম্পন্ন হয়েছে এবং Base Type-II

এ কাজ সম্পন্নের প্রস্তুতি চলছে । ৪(চার)টি ব্রীজ নির্মাণের লক্ষ্যে Sub Structure এ কাজের অংশ RCC Pile প্রায় ৮০% সম্পন্ন হয়েছে। অন্যান্য কাজের প্রক্রিয়া চলমান রয়েছে। সেন্ট্রাল আইল্যান্ড নির্মাণের কাজ চলছে। প্রকল্পটির এ পর্যন্ত সার্বিক অগ্রগতি ৮৩.৬৮% (আর্থিক) ও ৮৬%(বাস্তব)। বর্তমান অর্থ বছরে বরাদ্দ রয়েছে ৬০০০.০০ লক্ষ টাকা এবং অবমুক্ত করা হয়েছে ৩০০০.০০ লক্ষ টাকা। ডিসেম্বর, ২০১২ পর্যন্ত ব্যয় হয়েছে ২৮২৩.৭৯ লক্ষ টাকা।

মাদানী এ্যাভিনিউ পূর্বমুখী সম্প্রসারন প্রকল্পের বর্তমান চিত্র

নগর পরিকল্পনা

"City Region Development Project" শীর্ষক প্রকল্পের চুক্তি স্বাক্ষর

এশীয় উন্নয়ন ব্যাংক (এডিবি) এর আর্থিক সহায়তায় স্থানীয় সরকার বিভাগের তত্ত্বাবধানে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষ "City Region Development Project" শীর্ষক প্রকল্প বাস্তবায়ন করছে। উক্ত প্রকল্পের অংশ হিসেবে পরামর্শক প্রতিষ্ঠান যেসব কাজ করবে তা হচ্ছে:

a) Review of Dhaka Metropolitan Development Plan (DMDP) including the Dhaka Structure Plan (1995-2015) and Detailed Area Plan (2010-2015) and Preparation of new Dhaka Structure Plan for the period 2016-2035;

b) Preparation of a feasibility study and master plan for future projects including for at least one Satellite City;

পরামর্শক প্রতিষ্ঠান Saman Corporation (Republic of Korea), Han-A Urban Research Institute (Republic of Korea), DevConsultants Limited (Bangladesh) and Sheltech (Pvt.) Ltd (Bangladesh) এর সাথে রাজউকের বিগত ২১ নভেম্বর ২০১২ তারিখে Contract Agreement

ঢাকা স্ট্রাকচার প্ল্যান (২০১৬-২০৩৫) প্রণয়নে চুক্তি স্বাক্ষর অনুষ্ঠান

স্বাক্ষরিত হয়েছে এবং ২৩ ডিসেম্বর পরামর্শক প্রতিষ্ঠান কাজ শুরু করেছে।

নগর পরিকল্পনা শাখায় ছাড়পত্র অনুমোদন

নগর পরিকল্পনা শাখায় অক্টোবর-ডিসেম্বর ২০১২ পর্যন্ত চারটি অঞ্চলে ১৩০৮ টি ভূমি ব্যবহার ছাড়পত্রের আবেদন পত্র জমা হয়েছে। তন্মধ্যে ৪৬৯ টি আবেদনের অনুকূলে ছাড়পত্র প্রদান করা হয়েছে এবং ৪৭ টি আবেদন পত্র প্রত্যাখান করা হয়েছে। অবশিষ্ট আবেদন পত্রগুলো প্রক্রিয়াধীন রয়েছে।

প্রশাসন

পদোন্নতি

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির ১৮.১০.২০১২ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের প্রেক্ষিতে এবং কর্তৃপক্ষের ১১/২০১২ তম সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক রাজউকের তত্ত্বাবধায়ক প্রকৌশলী (সিভিল) জনাব মোঃ এমদাদুল ইসলাম-কে প্রধান প্রকৌশলী পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির ১৮.১০.২০১২ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের প্রেক্ষিতে এবং কর্তৃপক্ষের ১১/২০১২ তম সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক রাজউকের সহকারী প্রকৌশলী (সিভিল) জনাব মোঃ মুজাফফর উদ্দিন-কে নির্বাহী প্রকৌশলী (সিভিল) পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটির ১৮.১০.২০১২ তারিখে অনুষ্ঠিত সভার সুপারিশের প্রেক্ষিতে এবং কর্তৃপক্ষের ১১/২০১২ তম সাধারণ সভার সিদ্ধান্ত মোতাবেক রাজউকের তত্ত্বাবধায়ক জনাব মোঃ নাসির উদ্দিন শরীফ -কে সহকারী সচিব পদে পদোন্নতি প্রদান করা হয়েছে।

অনুমোদনহীন ও অবৈধ স্থাপনা চিহ্নিত করনে রাজউককে সহায়তা করুন

যোগদান

রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সাথে সংযুক্ত বিজ্ঞ নির্বাহী ম্যাজিস্ট্রেট জনাব এ, কে, এম মারুফ হাসান-কে ম্যাজিস্ট্রেসি দায়িত্বের অতিরিক্ত হিসেবে জজ কোর্ট সংশ্লিষ্ট রাজউকের মামলাসমূহ তদারকি করার জন্য দায়িত্ব প্রদান করা হয়েছে।

অফিস আদেশ ১৪৫/১২ অনুযায়ী জনাব মোঃ শাহ আলম চৌধুরী, উপ-সচিব (বোর্ড), রাজউক ঢাকা-কে ঝিলমিল আবাসিক প্রকল্পের উপ-পরিচালক (এষ্টেট) হিসেবে নিজ দায়িত্বের অতিরিক্ত দায়িত্ব প্রদান করা হয়েছে। ইতিপূর্বে এ, কে এম আহসান ইকবাল ভূইয়া, উপ-পরিচালক (এষ্টেট-৩) উক্ত দায়িত্ব পালন করেন।

বদলী

জনপ্রশাসন মন্ত্রণালয়ের স্মারক নং-৫.১৩২.০২৫.০০.০০.০৩৪.২০১১-১২১১ তারিখঃ ১৪/১১/১২ এর প্রজ্ঞাপন এর মাধ্যমে আইন কর্মকর্তা (সিনিয়র সহকারী সচিব) জনাব মোঃ আখতারুজ্জামান- কে প্রেষনের পদ থেকে প্রত্যাহার পূর্বক জনপ্রশসান মন্ত্রণালয়ে বদলী করা হয়েছে।

প্রশিক্ষণ

নগর পরিকল্পনা শাখার একজন কর্মকর্তার "Comprehensive City Planning" শীর্ষক জাপানে অনুষ্ঠিত বৈদেশিক প্রশিণ কর্মসূচীতে অংশগ্রহন

জনাব মাহ্‌মুদুল হক, সহকারী পরিচালক (নগর পরিকল্পনা), JICA কর্তৃক আয়োজিত ৫ সেপ্টেম্বর ২০১২ হতে ২৭ অক্টবর ২০১২ খ্রিঃ পর্যন্ত জাপানে অনুষ্ঠিত Group Training Course on "Comprehensive City Planning" শীর্ষক প্রশিক্ষণ কোর্সে অংশ গ্রহণ করেন। উক্ত প্রশিক্ষণ কোর্সের Interim Report এর অংশ হিসেবে "Development of Dhaka's Fringe Areas by Land Readjustment/Land Pooling Technique: Proposal for a Feasibility Study To Implement A Pilot Project in Jalkundi, DND" শীর্ষক একটি প্রতিবেদন উপস্থাপন করা হয়।

ড্যাপ বাস্তবায়নে সকলের সহযোগিতা কাম্য
- রাজউক

"Comprehensive City Planning" শীর্ষক প্রশিক্ষণ কর্মসূচীতে নগর পরিকল্পনা শাখার একজন কর্মকর্তা অংশগ্রহন করেন

ইন্দোনেশিয়া, ভিয়েতনাম ও মালয়েশিয়া সফরে কারিগরি প্রতিনিধি দল

উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের আওতায় প্রকল্প পরিচালক প্রকৌশলী মোঃ এমদাদুল ইসলাম এর নেতৃত্বে প্রকল্প ব্যবস্থাপক-১ প্রকৌশলী মোঃ মুজাফফর উদ্দিন, প্রকল্প ব্যবস্থাপক-২ প্রকৌশলী এম, এম এহসান জামীল, গণপূর্ত অধিদপ্তরের নির্বাহী প্রকৌশলী জনাব সৈয়দ মাহবুব মোরশেদ ও স্থাপত্য অধিদপ্তরের উপ-প্রধান স্থপতি জনাব মোঃ ফারুকুল ইসলাম এর সমন্বয়ে ০৫(পাঁচ) সদস্যের একটি কারিগরি প্রতিনিধিদলগত ২৭/০৯/২০১২ হতে ০৬/১০/২০১২ পর্যন্ত ইন্দোনেশিয়ার জাকার্তা ও বালি, ভিয়েতনামের হ্যানয় ও হোচিমিন সিটি এবং মালয়েশিয়ার কুয়ালালামপুর ও পুত্রজায়া প্রশাসনিক রাজধানী পরিদর্শন করেন। প্রতিনিধিদল জাকার্তায় BAPPEDA (Jakarta Development Authority) এর একটি উচ্চ পর্যায়ের প্রতিনিধি দলের সাথে সভায় মিলিত হন এবং তাদের বিভিন্ন পরিকল্পনা সম্পর্কে অবহিত হন। এছাড়া উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের আদলে নির্মিত জাকার্তা PURI CASABLANCA Apartment complex এর প্রধান প্রকৌশলীর সাথে মিলিত হয়ে উক্ত এপার্টমেন্ট কমপ্লেক্স পরিদর্শন করেন। এছাড়া প্রতিনিধিদল জাকার্তার নতুন শহর ANCOL এলাকা ও TAMAN-MINI পরিদর্শন করেন। অতঃপর প্রতিনিধিদল ০১/১০/১২ তারিখ ভিয়েতনামের হ্যানয় সিটিতে Ministry of Construction এর পরিচালকের সাথে সাক্ষাত করে পারস্পরিক উন্নয়ন প্রক্রিয়া এবং পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন সম্পর্কে ধারনা লাভ করে। প্রতিনিধিদল ভিয়েতনামের হোচিমিন সিটির Ministry of Construction এর ভিজির নেতৃত্বে একটি কারিগরি দলের সাথেও এক সভায় মিলিত হয়ে নগরীর জলাবদ্ধতা নিরসনে প্রকল্প এবং সাইগন উত্তর-দনি হাইওয়ে পরিদর্শন করেন। প্রতিনিধিদল

উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের ঠিকাদার কোরিয়ার DONG AH গ্রুপের PHC Pile Factory ও পরিদর্শন করেন।

উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের কারিগরি প্রতিনিধিদলের বিদেশ সফর

ভ্রমণের শেষ পর্যায়ে প্রতিনিধিদল মালয়েশিয়া সরকারের ভারত ও দনি এশিয়া অবকাঠামো বিষয়ক বিশেষ দূত দাতো সেরি সামি ভেল্লুর আমন্ত্রনে উত্তরা এপার্টমেন্ট প্রকল্পের ১৮ নং সেক্টরে 'বি' 'সি' টাইপ এপার্টমেন্ট ব্লকে মালয়েশিয়া সরকার কর্তৃক প্রস্তাবিত কারিগরি প্রস্তাবনা নিয়ে একটি অনানুষ্ঠানিক সভায় মিলিত হন এবং প্রকল্পের বিভিন্ন কারিগরি বিষয় ও নকশা প্রণয়ন বিষয়ে আলোচনা করেন।

রাজউক কর্মকর্তার Malaysia -তে অনুষ্ঠিত কনফারেন্স-এ অংশগ্রহণ

১৪ নভেম্বর ২০১২ হতে ১৬ নভেম্বর ২০১২ পর্যন্ত 2nd International Conference on Geotechnique, Construction Materials and Environment, Kualalumpur, Malaysia -তে অনুষ্ঠিত হয়। উক্ত কনফারেন্স-এ জনাব মোঃ জামাল উদ্দিন, সহকারী পরিচালক (হিসাব), অংশগ্রহণ করেন। তিনি "Cost Performance Studies of Abandoned Shell Husks (ASH) for Soil Reinforcement-এর উপর Group paper উপস্থাপন করেন।

সম্মেলনে অংশগ্রহণকারী প্রতিনিধিবৃন্দ

বিষয় শাখা

পূর্বাচল নতুন শহর প্রকল্পের ৩৭১টি প্লটের রেজিষ্ট্রেশন সম্পন্ন

পূর্বাচল নতুন শহর প্রকল্পের ৪, ৫, ১১, ১৩, ১৪, ১৭ নং সেক্টরে প্লট হস্তান্তর চলমান এবং ৩, ৮, ৯, ১৮, ২০, ২২, ২৩, ২৯, নং সেক্টরে প্লট বর্তমান বছরের মধ্যে হস্তান্তর কাজ আরম্ভ হবে।

উত্তরা এপার্টমেন্ট প্রকল্প

উত্তরা ৩য় পর্ব প্রকল্পের ১৮ নং সেক্টরে "এ" ক্যাটাগরীর ৬৬০০ টি ফ্ল্যাট এর মধ্যে ৬৬৮৬ ফ্ল্যাট বরাদ্দ প্রাপ্তদের তালিকা ২৬ ডিসেম্বর ২০১২ তারিখে প্রকাশ করা হয়। বরাদ্দ প্রাপ্তদের নামের তালিকা রাজউক ওয়েব সাইটে পাওয়া যাবে। শীঘ্রই বরাদ্দপত্র ইস্যু করা হবে।

উন্নয়ন নিয়ন্ত্রণ

অক্টোবর, ২০১২ হতে ডিসেম্বর, ২০১২ পর্যন্ত রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের উন্নয়ন নিয়ন্ত্রণ শাখার আওতাধীন বিভিন্ন অথোরাইজ অফিসারদের এলাকায় ১০৬৫ টি নকশা অনুমোদনের জন্য জমা হয়েছে। তন্মধ্যে বিসি কমিটি কর্তৃক যাচাই বাছাই করে ৪২০টি ইমারতের নকশা অনুমোদন দেয়া হয়েছে। উল্লেখিত সময়ের মধ্যে বৃহদায়তন/বিশেষ প্রকল্প ছাড়পত্রের জন্য ৫৭টি আবেদনপত্র পাওয়া গিয়েছে। কমিটি কর্তৃক পরীক্ষান্তে ৩০টি বৃহদায়তন/বিশেষ প্রকল্পের ছাড়পত্রের অনুমোদন দেয়া হয়েছে।

আইন শাখা

রাজউকের আইন শাখা একটি গুরুত্বপূর্ণ শাখা। এখানে প্রায় (রীট, সিভিল ও আরবিট্রেশন) ৪৩৫৪টি মামলা রয়েছে। রীট মামলা ২৩৫৪টি, সিভিল মামলা ১০২১টি এবং আরবিট্রেশন মামলা ৯৭৯টি। তন্মধ্যে নিস্পত্তি হয়েছে সিভিল মামলা ৪টি, রীট মামলা ১১টি এবং আরবিট্রেশন মামলা ৩২টি। অন্যদিকে বিল্ডিং ডেভিয়েশন করে নির্মাণ এবং জালিয়াতি করে প্ল্যান তৈরী ইত্যাদি কারণে রাজউক বেশ কিছু মামলা দায়ের করেছে। এছাড়া রাজউক হতে ০৩(তিন) জন বিজ্ঞ ম্যাজিষ্ট্রেট এর মাধ্যমে নিয়মিত মোবাইল কোর্ট ও উচ্ছেদ অভিযান পরিচালিত হচ্ছে। রাজউকের মামলা পরিচালনার জন্য ১০৩ (একশত তিন) জন প্যানেল আইনজীবি নিয়োজিত আছেন। রাজউকের বিভিন্ন শাখা/বিভাগের নথিতে

আইনগত মতামত প্রদানের জন্য ৪ জন বিজ্ঞ আইন উপদেষ্টা ও ২ জন আইন পরামর্শক চুক্তিভিত্তিক নিয়োজিত আছে। এছাড়া গুরুত্বপূর্ণ মামলা পরিচালনার জন্য মহামান্য সুপ্রীম কোর্টের সিনিয়র আইনজীবী নিয়োগ দেওয়া হয়ে থাকে। মামলার কার্যক্রম চেয়ারম্যান মহোদয়ের নিবিড় পর্যবেক্ষণ করেন বিধায় অধিকাংশ গুরুত্ব মামলার রায় সরকার/রাজউকের পক্ষে হচ্ছে।

হিসাব শাখা

কম্পিউটারাইজড পদ্ধতিতে ২০১২-২০১৩ অর্থ বছরের ১ম অর্ধবার্ষিক অর্থাৎ জুলাই/২০১২ হতে ডিসেম্বর/২০১২ সময়কালের সাময়িক আর্থিক বিবরণী প্রণয়ন সম্পন্ন করা হয়েছে। বর্ণিত ১ম ছয় মাসে রাজস্ব খাতে আয় হয়েছে ৭৮.৯৮ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ১৯.৩৯ কোটি টাকা। ব্যয় অতিরিক্ত আয় হয়েছে ৫৯.৫৯ কোটি টাকা। মূলধন খাতে উল্লেখিত সময়ে আয় হয়েছে ৬৬.৫৬ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ১.১৬ কোটি টাকা। ব্যয় অতিরিক্ত আয় হয়েছে ৬৫.৪০ কোটি টাকা। রাজস্ব ও মূলধন খাতের সর্বমোট আয় হয়েছে ১৪৫.৫৪ কোটি টাকা এবং ব্যয় হয়েছে ২০.৫৬ কোটি টাকা। ব্যয় অতিরিক্ত সর্বমোট আয় হয়েছে ১২৪.৯৮ কোটি টাকা। গত বছরের একই সময়ের তুলনায় আয় বৃদ্ধি পেয়েছে ২৬.১১%। মূলত বিভিন্ন সরকারী ও বেসরকারী ব্যাংকে FDR এ বিনিয়োগকৃত অর্থের উপর প্রাপ্ত সুদের হার বৃদ্ধি পাওয়ায় এই অতিরিক্ত আয় হয়েছে। ২০১২-২০১৩ অর্থ বছরে ১ম ছয় মাসে বিভিন্ন উন্নয়ন প্রকল্পে সর্বমোট ব্যয় হয়েছে ২২৩.৮০ কোটি টাকা। পূর্ববর্তী অর্থ বছরে একই সময়ে বিভিন্ন উন্নয়ন প্রকল্পে ব্যয়িত অর্থের পরিমাণ ছিল ২৩১.২২ কোটি টাকা।

নিরীক্ষা শাখা

স্বচ্চতা ও জবাবদিহীতা নিরুপনে নিরীক্ষা বিভাগ একটি গুরুত্বপূর্ণ হাতিয়ার হিসেবে বিশেষ ভূমিকা পালন করে থাকে। স্বচ্ছতা ও জবাবদিহীতা নিশ্চিতকল্পে রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের নিরীক্ষা বিভাগ অডিট আপত্তি নিষ্পত্তির জন্য কার্যকর ব্যবস্থা গ্রহণ করে আসছে। উল্লেখ্য যে, গত ৭ই জানুয়ারি ২০১৩ তারিখে স্মারক নং-রি-১/পঃপ্রঃ/রাজউক/২০০০-২০০১/৪৫২/২৫৫স্থাঃ, ত্রি-পক্ষীয় সভার মাধ্যমে ২০০০-২০০১ সালের অগ্রিম অনুচ্ছেদ ৩১ নিষ্পন্ন হয়েছে। এমতাবস্থায়, রাজধানী উন্নয়ন কর্তৃপক্ষের সরকারী নিরীক্ষা দল কর্তৃক ডিসেম্বর ২০১২ পর্যন্ত মোট ৮৩২টি অডিট আপত্তি অনিষ্পন্ন অবস্থায় আছে। তন্মধ্যে সাধারণ ২২১টি, অগ্রিম ৪৯২টি এবং খসড়া ১১৯টি। পরিচালক নিরীক্ষা অত্যন্ত দক্ষতার সহিত দৃঢ়ভাবে অডিট আপত্তি নিষ্পন্ন করার লক্ষ্যে বিভিন্ন ধরণের পদক্ষেপ গ্রহণ করছেন। রাজউকের অভ্যন্তরীন আর্থিক শৃংখলা আনয়নের লক্ষ্যে নিরলসভাবে পরিশ্রম করে যাচ্ছে। অডিট আপত্তি নিষ্পত্তির জন্য মাননীয় চেয়ারম্যান রাজউক, বিভিন্ন দপ্তরের সংশ্লিষ্ট কর্মকর্তা কর্মচারীদের তৎপর হওয়ার জন্য নির্দেশ প্রদান করেন।

বিবিধ

এমআইএস কর্তৃক গৃহীত ও চলমান কার্যক্রম

রাজউকের এমআইএস প্রকল্পের উদ্যোগে গুলশান, বনানী, বারিধারা আবাসিক এলাকার ৩৯৫৮টি নথির প্রায় ৮ লক্ষ পৃষ্ঠা ও ৭০০০ ম্যাপ ডিজিটাল আর্কাইভিং সমাপ্ত হয়েছে। উত্তরা, নিকুঞ্জ ও পূর্বাচল প্রভৃতি এলাকার প্লট/ফ্ল্যাটের নথিসমূহের আরো ২৭ লক্ষ পৃষ্ঠার ডিজিটাল আর্কাইভিং কাজ সম্পন্ন হয়েছে। নগর পরিকল্পনা শাখা এবং নকশা অনুমোদন শাখার নথিসমূহের ডিজিটাল আর্কাইভিং ও ডাটা এন্ট্রি কাজের আওতায় ম্যাপসহ প্রায় ২০ লক্ষ পৃষ্ঠার আর্কাইজিং কাজ চলমান রয়েছে। আগামী ডিসেম্বর' ১৩ এর মধ্যে কাজটি সমাপ্ত হবে।

রাজউকের লোকাল অফিসসমূহ একই নেটওয়ার্কে আওতায় আনয়নের জন্য LAN Connectivity চালু করা হয়েছে। এর মাধ্যমে তথ্য আদান প্রদানসহ দৈনন্দিন কার্যক্রমসমূহ অনেক বেশী গতিশীল ও স্বচ্ছ হবে। এ প্রকল্পের আওতায় রাজউক মেইন অফিসের সাথে মহাখালী ও উত্তরাস্হ সাইট অফিসের LAN Connectivity সম্পন্ন হয়েছে। এতে সাইট অফিস থেকে প্রধান ভবনে ডাটা আদান-প্রদান সহজতর হওয়ায় কাজের গতি বৃদ্ধি পেয়েছে। রাজউকের বিভিন্ন প্রকল্পের প্লট/ফ্ল্যাট এর তথ্যাদি WPZRS এর পরীক্ষাসহ Upload করা হয়েছে।

মহান বিজয় দিবস উদযাপিত

বিগত ১৬ ডিসেম্বর ২০১২ সারাদেশব্যাপী মহান বিজয় দিবস উদযাপিত হয়। এ উপলক্ষে দিনব্যাপী নানা অনুষ্ঠানমালার অংশ হিসেবে সাভারে জাতীয় স্মৃতিসৌধে রাজউক অফিসার্স ক্লাবের পক্ষ থেকে পুষ্প স্তবক অর্পন করেন রাজউকের মাননীয় চেয়ারম্যান প্রকৌশলী জনাব নুরুল হুদাসহ রাজউকের কর্মকর্তাবৃন্দ।

অবৈধ নির্মাণ থেকে বিরত থাকুন

মহান বিজয় দিবস উপলক্ষে জাতীয় স্মৃতিসৌধে পুষ্প স্তবক অর্পন করেন রাজউকের মাননীয় চেয়ারম্যান প্রকৌশলী নুরুল হুদা ও কর্মকর্তাবৃন্দ

প্রবন্ধ

The Temple of Heaven : Great Architecture

তপন দাস

Recently I have a chance to visit China, an age old heritage and traditional country. China is one of the oldest countries in the world. It has an unbroken cultural history, longer than any other country. It has many famous tourist spots all over the country. One of them is the Temple of Heaven which is situated in the south part of Beijing. The Temple of Heaven was built in 1420 AD during the Ming Dynasty to offer sacrifice to heaven. As Chinese emperors called themselves "The Sons of Heaven", they dared not to build their own dwelling.

This Temple has a huge area. Its central piece is a large tower built, it is said, entirely of wood and not using a single nail. The temple grounds cover 2.73 sq kilometers. It is enclosed with a long wall. The northern part within the wall is semicircular symbolizing the heavens and the southern part is square symbolizing the earth. The northern part is higher than the southern part. This design shows that the heaven is high and the earth is low and the design reflected an ancient Chinese thought of The heaven is round and the earth is square".

The main building of the temple lies in the south and north ends of the middle axis line of the inner part. The most magnificent buildings are circular-Mound Altar, Imperial vault of Heaven and Hall of prayer for Good Harvest from south to north. During the Ming and Qing Dynasties the emperors used to offer sacrifice to Heaven on the day of the winter solstice every year. This ceremony was to thank heaven and hope everything would be good in the future.

The Hall of prayer for Good H arvest is a big palace with a round roof. Inside the Hall there are 28 huge posts. The four posts represent four seasons- spring, summer, autumn and winter. The twelve posts represent 12 months and rest twelve posts 12 shichen (every tow hour). The roof is Another important building in Temple of Heaven is imperial vault of Heaven. It is so interesting that if you look at it from far away, you will find that the vault is like a blue umbrella with gold head. The structure was made of bricks and timber. The vault was used to place memorials tablets of Goods. White marble railings surround the vault. We all are surprised to see architectural design of the temple. So our friends were busy with taking saps by their cameras.

Another interesting and famous place for you to visit is called Echo Wall" owning special of the wall respectively and whisper a word than you friend will hear clearly that you say. The phenomenon utilizes the theory of sound wave.

Everyday many tourists from different countries all over the world visit this temple. Entry fee is 30 Yuan per person and the temple is open from 6 am to 20 pm. We were informed that admission fee varies on seasons. At last we left the temple complex and we were thinking how it was possible.

**লেখক রাজউকের সদস্য (অর্থ),*

নিবেদন

রাজউক বার্তায় প্রকাশের জন্য রাজউকের সকল কর্মকর্তা কর্মচারীদেরকে তাদের নিজের এবং পরিবারের সদস্যদের যে কোন অর্জন সংক্রান্ত তথ্য সম্পাদকের নিকট প্রেরনের জন্য অনুরোধ করা হলো ।

প্রকাশক : মোঃ আশরাফ আলী আখন্দ, উপ-পরিচালক (নগর পরিকল্পনা), রাজউক
রাজউকের পক্ষে প্রকাশক কর্তৃক প্রকাশিত ও মেসার্স এন,আর, প্রিন্টার্স, ১২০, আরামবাগ, মতিঝিল, ঢাকা-১০০০ হতে মুদ্রিত ।
রাজউক বার্তা রেজিষ্ট্রেশন নম্বর : ডিএ/২০০০-২৫, ফোন : (৮৮০-২) ৯৫৫৭৬৯৫ রাজউক পিএবিএক্স : (৮৮০-২) ৯৫৫৬১৬১-৫/১৬৫
ফ্যাক্স : (৮৮০-২) ৯৫৬৩৫৯১, ই-মেইল : mashrafbakul@yahoo.com